

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১৪

আগরতলা, ৩১ ডিসেম্বর, ২০২৩

ইংরেজী নতুন বছরে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরাবাসীকে ইংরেজী নতুন বছরে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘নতুন বছর ২০২৪-এ আমি ত্রিপুরাবাসীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। প্রতিটি নতুন বছর আমাদের কাছে নতুন করে শুরু করার সুযোগ এনে দেয়। এজন্যই আমরা নতুন বছরের প্রাকলগ্ন ও নতুন বছরের প্রথম দিনের অপেক্ষায় থাকি। এই বছর ত্রিপুরাবাসীর জন্য শান্তি, সম্প্রীতি, খুশি, ভালবাসা, সৌভ্রাতৃত্ব, সুস্বাস্থ্য ও বন্ধুত্বের বার্তা বয়ে আনুক।’
